মেহেরপুরের ২২টি অনিবন্ধিত অনলাইন পত্রিকা ও ফেসবুক পেজ বন্ধের সুপারিশ

মেহেরপুরের ২২টি অনিবন্ধিত অনলাইন পত্রিকা ও তাদের ফেসবুক পেজ বন্ধ করার সুপারিশ করেছে জেলা তথ্য অফিস।

আজ বুধবার বিকালে মুঠোফোনে মেহেরপুর প্রতিদিনকে এ তথ্য নিশ্চিত করেন জেলা তথ্য কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন।

তথ্য কর্মকর্তা বলেন, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর নির্দেশে আন্ত:মন্ত্রণালয়ে একটি প্রজ্ঞাপন জারি করে। অনলাইন নিউজ পোর্টালগুলোকে জবাবদিহীতের মধ্যে নিয়ে আনার লক্ষে মেহেরপুর জেলার নিবন্ধিত, অনিবন্ধিত অনলাইন পত্রিকা, ফেসবুক পেজ, ইউটিউব চ্যানেলের একটি প্রাথমিক তদন্ত করা হয়েছে। সে তদন্তের আলোকে প্রাথমিকভাবে ২২টি অনিবন্ধিত পত্রিকা, ফেসবুক পেজ ও ইউটিউব চ্যানেল বন্ধ করার সুপারিশ করে প্রতিবেদন মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে।

তথ্য কর্মকর্তা বলেন, মেহেরপুর প্রতিদিন শুধুমাত্র জেলা অথরাইজড অনলাইন নিউজ পোর্টাল। এ ছাড়া আর কোন অথরাইজড অনলাইন পোর্টাল মেহেরপুর জেলাতে নেই।

তিনি বলেন, ইদানিং ফেসবুকে পেজ খুলে সাংবাদিক নিয়োগ দেওয়া হচ্ছে। অনিন্ধিতি পত্রিকাগুলোও সাংবাদিক নিয়োগ দিচ্ছে যা অনলাইন গণমাধ্যম নীতিমালার ব্যত্যয়। আমরা পর্যায়ক্রমে সেগুলোরে বন্ধ করার সুপারিশ করে মন্ত্রণালয়ে পাঠাবো।

উল্লেখ্য, মেহেরপুর প্রতিদিন মেহেরপুর জেলার মিডিয়া ভুক্ত দৈনিক এবং জেলার একমাত্র নিবিন্ধত অনলাইন পত্রিকা। ইদানিং সাংবাদিকতার কোন অভিজ্ঞতা না থাকা সত্ত্বেও মেহেরপুরে ব্যঙের ছাতার মত অনিবন্ধিত অনলাইন পত্রিকা, পত্রিকার নামে ফেসবুক পেজ ও ইউটিউব চ্যানেলে ছেয়ে গেছে। যেগুলো বন্ধ করার উদ্যোগ নিয়েছে সরকার।

মেহেরপুরে নিবন্ধিত ও অনিবন্ধিত অনলাইন পত্রিকার তালিকা চেয়ে জেলা প্রশাসনের চিঠি

এই প্রথমবারের মত মেহেরপুর জেলায় নিবন্ধিত ও অনিবন্ধিত অনলাইন নিউজ পোর্টালের তালিকা চেয়ে দুই প্রেস ক্লাবকে চিঠি দিয়েছে জেলা প্রশাসন।

গতকাল সোমবার জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার দেবাংশু বিশ্বাস সাক্ষরিত এ সংক্রান্ত একটি চিঠি মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি ও মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতিকে দেওয়া হয়েছে।

চিঠিতে বলা হয়েছে গত ২৭ জুলাই বিভাগীয় আইন শৃঙ্খলা কমিটির সভায় কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক মেহেরপুর জেলায় কতটি নিবন্ধনকৃত ও অনিবন্ধিত অনলাইন পত্রিকায় রয়েছে তা জানা আব্যশক। সে মোতাবেক চিঠি প্রাপ্তির স্বল্প সময়ের মধ্যে দুই ক্লাবের সভাপতিকে তালিকা প্রদানের কথা বলা হয়েছে।

উল্লেখ্য, মেহেরপুর জেলায় মেহেরপুর প্রতিদিন (meherpurpratidin.com) একমাত্র অনলাইন পত্রিকা হিসেবে চলতি বছরের ১১ মে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের তথ্য অধিদপ্তর থেকে নিবন্ধনভুক্ত হয়েছে। যার নিবন্ধন নম্বর ৪৯ (আঞ্চলিক)। এছাড়া অন্যগুলো নিবন্ধন পেয়েছে বলে জানা নেই।